[illegible], [illegible]
[illegible], [illegible]

Job Category: Administration/General Management

Job Source: [illegible]

Job Summary

Posted On: 8 Jul 2025

Application Deadline:27 Jul 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

মেমো নং-শা-২/৪০৩/সংস্থাপন তারিখঃ ০৭.০৭.২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রত্যেক পদের পার্শ্বে বর্ণিত বেতন স্কেল ও তৎসহ বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতায় নিম্নবর্ণিত পদগুলো পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আগামী ২২.০৭.২০২৫ তারিখের মধ্যে অনলাইনে (https://bau.edu.bd/career) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইনে আবেদন সম্পন্ন করে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড শেষ হলে স্বয়ংক্রিয়ভাবে Online application form তৈরী হবে যা A4 সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতঃ নিম্নে উল্লেখিত কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করে ০৭ (সাত) সেট আগামী ২৭.০৭.২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌছাতে হবে।

ক. পদের নাম, পদ সংখ্যা, বয়স ও বেতন স্কেল ঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)
১.	প্রধান প্রকৌশলী	০১ টি	ন্যূনতম ৪৫ বছর	৫০,০০০-৭১,২০০/-
২.	প্রধান খামার তত্ত্বাবধায়ক	০১ টি	ন্যূনতম ৪০ বছর	৫০,০০০-৭১,২০০/-
৩.	অতিরিক্ত রেজিস্ট্রার (সংস্থাপন)	০১ টি	ন্যূনতম ৪২ বছর	৫০,০০০-৭১,২০০/-
৪.	অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক	০১ টি	ন্যূনতম ৪২ বছর	৫০,০০০-৭১,২০০/-
৫.	এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)	০১ টি	ন্যূনতম ৪২ বছর	৫০,০০০-৭১,২০০/-
৬.	এডিশনাল ডাইরেক্টর (পরিকল্পনা ও উন্নয়ন)	০১ টি	ন্যূনতম ৪২ বছর	৫০,০০০-৭১,২০০/-
৭.	পরিচালক, ক্রীড়া প্রশিক্ষণ	০১ টি	ন্যূনতম ৪০ বছর	৪৩,০০০-৬৯,৮৫০/-
৮.	ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন)-১	০১ টি	ন্যূনতম ৪০ বছর	৪৩,০০০-৬৯,৮৫০/-
৯.	ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন)-২	০১ টি	ন্যূনতম ৪০ বছর	৪৩,০০০-৬৯,৮৫০/-
১০.	ডেপুটি ট্রেজারার	০১ টি	ন্যূনতম ৪০ বছর	৪৩,০০০-৬৯,৮৫০/-
১১.	ডেপুটি লাইব্রেরিয়ান (সংগ্রহ, পদ্ধতিকরণ ও বাঁধাই)	০১ টি	ন্যূনতম ৪০ বছর	৪৩,০০০-৬৯,৮৫০/-
১২.	ডেপুটি লাইব্রেরিয়ান (রিডার্স সার্ভিস, শ্রাব্য দার্শন ও ডকুমেন্টশন)	০১ টি	ন্যূনতম ৪০ বছর	৪৩,০০০-৬৯,৮৫০/-
১৩.	উপ-পরিচালক (অডিট)	০১ টি	নূন্যতম ৪০ বছর	৪৩,০০০-৬৯,৮৫০/-
১৪.	উপ-পরিচালক (সংস্থাপন শাখা)	০১ টি	নূন্যতম ৪০ বছর	৪৩,০০০-৬৯,৮৫০/-
১৫.	উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন শাখা)	০১ টি	নূন্যতম ৪০ বছর	৪৩,০০০-৬৯,৮৫০/-
১৬.	নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)	০১ টি	অনূর্ধ্ব ৩৭ বছর	৩৫,৫০০-৬৭,০১০/-
১৭.	নির্বাহী প্রকৌশলী (পানি সরবরাহ, গ্যাস, পয়ঃপ্রণালী ও সেনিটেশন)	০১ টি	অনূর্ধ্ব ৩৭ বছর	৩৫,৫০০-৬৭,০১০/-
১৮.	সিনিয়র সহকারী রেজিস্ট্রার/খামার তত্ত্বাবধায়ক (পরিষদ বিভাগ)	০১ টি	অনূর্ধ্ব ৩৭ বছর	৩৫,৫০০-৬৭,০১০/-
১৯.	সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ ও নির্দেশনা)	০১ টি	অনূর্ধ্ব ৩৫ বছর	২৯,০০০-৬৩,৪১০/-
২০.	সহকারী পরিচালক, ক্রীড়া প্রশিক্ষণ	০২ টি	অনূর্ধ্ব ৩৫ বছর	২৯,০০০-৬৩,৪১০/-
২১.	সহকারী রেজিস্ট্রার (সংস্থাপন শাখা)	০১ টি	অনূর্ধ্ব ৩৫ বছর	২৯,০০০-৬৩,৪১০/-
২২.	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন শাখা)	০১ টি	অনূর্ধ্ব ৩৫ বছর	২৯,০০০-৬৩,৪১০/-
২৩.	সহকারী রেজিস্ট্রার (উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি)	০১ টি	অনূর্ধ্ব ৩৫ বছর	২৯,০০০-৬৩,৪১০/-
২৪.	সহকারী পরিচালক (উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি)	০১ টি	অনূর্ধ্ব ৩৫ বছর	২৯,০০০-৬৩,৪১০/-
২৫.	সহকারী প্রকৌশলী	০১ টি	অনূর্ধ্ব ৩২ বছর	২২,০০০-৫৩,০৬০/-

খ. শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাদি ঃ

১.	প্রধান প্রকৌশলী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুর-কৌশল/সমমানের স্নাতক ডিগ্রীধারী হতে হবে এবং তৎসহ সিভিল নির্মাণ ও সংরক্ষণ সংক্রান্ত কাজের তদারকী ও ব্যবস্থাপনায়, ভৌত/অবকাঠামোগত উন্নয়ন, পরিকল্পনা প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা, তন্মধ্যে নির্বাহী প্রকৌশলীর সম-মর্যাদা সম্পন্ন অথবা তদূর্ধ্ব পদে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশল ডিজাইন, প্রকল্প পরিকল্পনা ও ব্যবস্থাপনা অথবা কর্ম তদারকী বিষয়ে প্রশিক্ষন প্রাপ্ত প্রার্থীদিগকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২.	প্রধান খামার তত্ত্বাবধায়ক	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞানে কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের খামারে নূন্যতম ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। কৃষি খামার ব্যবস্থাপনায় এবং শস্য বিজ্ঞানে উচ্চতর মাঠ গবেষণা কার্য পরিচালনা সম্পর্কিত বিষয়ে সম্যক জ্ঞান থাকতে হবে। কৃষিতত্ত্ব/খামার ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৩.	অতিরিক্ত রেজিস্ট্রার (সংস্থাপন)	বিশ্ববিদ্যালয়ে ডেপুটি রেজিস্ট্রার/সমমান অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ে অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সর্বমোট ১২ (বার) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রশাসনিক কার্য পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৪.	অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক	বিশ্ববিদ্যালয়ে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমানের অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ে অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সর্বমোট ১২ (বার) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে পরীক্ষা সংক্রান্ত প্রশাসনিক কার্য পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৫.	এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)	বিশ্ববিদ্যালয়ে ডেপুটি রেজিস্ট্রার/সমমান অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ে অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সর্বমোট ১২ (বার) বৎসর চাকুরীর অভিজ্ঞতাসহ বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা বিষয়ক প্রশাসনিক কার্য পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৬.	এডিশনাল ডাইরেক্টর (পরিকল্পনা ও উন্নয়ন)	বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/সমমানের অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ে অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে সর্বমোট ১২ (বার) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/কৃষি অর্থনীতি/কৃষি বিজ্ঞান/কৃষি প্রকৌশল/বিএসসি ইঞ্জিনিয়ার/ব্যবস্থাপনা/সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত প্রশাসনিক কার্য পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৭.	পরিচালক, ক্রীড়া প্রশিক্ষণ	বিশ্ববিদ্যালয়/জাতীয় পর্যায়ে খেলাধূলায় স্বীকৃত নেতৃত্বের গুণাবলি সম্পন্ন কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অবশ্যই স্নাতকোত্তর ডিগ্রীসহ শরীরচর্চায় ডিগ্রীধারী হতে হবে এবং তৎসহ প্রধান খেলাধূলাসমূহে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই কোন বিশ্ববিদ্যালয়/জাতীয় পর্যায়ের সংগঠনে ক্রীড়া পরিচালনা সংক্রান্ত দায়িত্বপূর্ণ পদে নূন্যতম ১০ (দশ) বৎসর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।
৮.	ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন)-১	বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার/সমমানের অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ে অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সর্বমোট ১০ (দশ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রশাসনিক কার্য পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৯.	ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন)-২	বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার/সমমানের অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ে অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সর্বমোট ১০ (দশ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রশাসনিক কার্য পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১০.	ডেপুটি ট্রেজারার	বিশ্ববিদ্যালয়ে হিসাব রক্ষণ অফিসার/সমমানের অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আর্থিক ব্যবস্থাপনা, হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত দায়িত্বপূর্ণ পদে ১০ (দশ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অবশ্যই বাণিজ্য/হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনায় স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। সি.এ. ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১১.	ডেপুটি লাইব্রেরিয়ান (সংগ্রহ পদ্ধতিকরণ ও বাঁধাই)	গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে সহকারী গ্রন্থাগারিক অথবা তদূর্ধ্ব পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ সর্বমোট ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১২.	ডেপুটি লাইব্রেরিয়ান (রিডার্স সার্ভিস, শ্রাব্য দার্শন ও ডকুমেন্টশন)	গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে সহকারী গ্রন্থাগারিক অথবা তদূর্ধ্ব পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর চাকুরি অভিজ্ঞতাসহ সর্বমোট ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৩.	উপ-পরিচালক (অডিট)	সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে হিসাব নিরীক্ষা কাজে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির বাস্তব অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অবশ্যই কৃষি/বানিজ্য/হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনায় স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। অথবা, সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট/সমমানের পদে ১০ (দশ) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি/কৃষি অর্থনীতিতে স্নাতক ডিগ্রীধারী/অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্য/হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনায় স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৪.	উপ-পরিচালক (সংস্থাপন শাখা)	বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার/সমমান অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ে অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সর্বমোট ১০ (দশ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রশাসনিক কার্য পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৫.	উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন শাখা)	বিশ্ববিদ্যালয়ে সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/সমমানের অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে সর্বমোট ১০ (দশ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম অর্থনীতি/কৃষি অর্থনীতি/কৃষি বিজ্ঞান/কৃষি প্রকৌশল/বিএসসি ইঞ্জিনিয়ার/ব্যবস্থাপনা/সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত প্রশাসনিক কার্য পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৬.	নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎ কৌশলে স্নাতক ডিগ্রীসহ বিদ্যুৎ কেন্দ্রে (ইলেকট্রিক সাপ্লাই) অথবা কোন বৃহৎ বিদ্যুৎ প্রতিষ্ঠানে বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও দায়িত্বপূর্ণ পদে ন্যূনতম ০৭ (সাত) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। অথবা, সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) হিসাবে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ, অপারেশন ও বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে কোন বৃহৎ প্রতিষ্ঠানে সর্বমোট ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসহ তড়িৎ কৌশলে ডিপ্লোমাধারী হতে হবে। উভয় ক্ষেত্রেই শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে।
১৭.	নির্বাহী প্রকৌশলী (পানি সরবরাহ, গ্যাস, পয়ঃপ্রণালী ও সেনিটেশন)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুর-কৌশল/সমমানের স্নাতক ডিগ্রীসহ সিভিল নির্মাণ, ডিজাইন, সেনিটেশন, পানি ও গ্যাস সরবরাহ ইত্যাদি কাজে সরকারী অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে দায়িত্বপূর্ণ পদে ন্যূনতম ০৭ (সাত) বৎসর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী হিসাবে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ সিভিল নির্মান, ডিজাইন, সেনিটেশন, পানি ও গ্যাস সরবরাহ, ইত্যাদি কাজে সর্বমোট ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসহ পুর-কৌশল/যন্ত্র প্রকৌশলে ডিপ্লোমাধারী হতে হবে। উভয় ক্ষেত্রেই শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে।
১৮.	সিনিয়র সহকারী রেজিস্ট্রার/খামার তত্ত্বাবধায়ক (পরিষদ বিভাগ)	সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক/শিক্ষা বিষয়ক প্রশাসনিক পদে ০৭ (সাত) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রীধারী/অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। অথবা, কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষিতে/কৃষি খামার ব্যবস্থাপনায় স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। তৎসহ, সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কৃষি খামারে খামার ব্যবস্থাপনায় ন্যূনতম ১০ (দশ) বৎসর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।
১৯.	সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ ও নির্দেশনা)	ছাত্র প্রশাসন/শিক্ষা সহায়ক/সমমান অথবা তদূর্ধ্ব পদে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। অথবা, সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পদে ০৩ (তিন) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রীধারী/অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। ছাত্র বিষয়ক ব্যবস্থাপনা এবং শিক্ষাতিরিক্ত কার্যাবলি বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২০.	সহকারী পরিচালক, ক্রীড়া প্রশিক্ষণ	বিশ্ববিদ্যালয়/জাতীয় পর্যায়ে খেলাধুলা সংগঠনে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ শরীর চর্চায় ডিগ্রীধারী হতে হবে এবং খেলাধূলায় পারদর্শিতা থাকতে হবে। অথবা, শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ ০৩ (তিন) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রীধারী/অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে।
২১.	সহকারী রেজিস্ট্রার (সংস্থাপন শাখা)	সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক পদে ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। অথবা, সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক পদে ০৩ (তিন) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রীধারী/অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রশাসনিক কার্য পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে।
২২.	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন শাখা)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ার (সিভিল)-এ স্নাতক ডিগ্রীসহ সিভিল নির্মাণ, ডিজাইন, স্ট্রাকচারস ইত্যাদি সংশ্লিষ্ট কাজে সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসর চাকুরির বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

এরপর পৃষ্ঠা-১৪

১৩ পৃষ্ঠার পর

২৩.	সহকারী রেজিস্ট্রার (উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি)	সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক/শিক্ষা ও গবেষণায় ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা, প্রশাসন ও গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। অথবা, সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক/শিক্ষা ও গবেষণায় ০৩ (তিন) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রীধারী/অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।
২৪.	সহকারী পরিচালক (উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি)	সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক/শিক্ষা ও গবেষণায় ০৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা, প্রশাসন ও গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। অথবা, সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক/শিক্ষা ও গবেষণায় ০৩ (তিন) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রীধারী/অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।
২৫.	সহকারী প্রকৌশলী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল/সমমানের স্নাতক ডিগ্রীধারী হতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে (ক) সিভিল নির্মাণ, ডিজাইন (খ) সেনিটারি কাজ, পানি ও গ্যাস সরবরাহ ইত্যাদি (গ) বৈদ্যুতিক সংরক্ষণ ও ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন অথবা প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। অথবা, সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০৮ (আট) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট প্রকৌশলে ডিপ্লোমাধারী হতে হবে। উভয় ক্ষেত্রেই শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূ্যনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

প্রার্থীদের জন্য প্রযোজ্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ ঃ

১. প্রার্থীকে অনলাইনে আবেদনের সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট (খ) অভিজ্ঞতার সনদপত্র (গ) প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে) (ঘ) জাতীয় পরিচয়পত্র (NID) (ঙ) Computer Literacy সার্টিফিকেট (চ) পাবলিকেশন (যদি থাকে) (ছ) চাকুরীজীবি হলে প্রতিষ্ঠানের অনুমতিপত্র (জ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (৩০০ × ৩০০ পিক্সেল) (ঝ) ডিজিটাল স্বাক্ষর (দৈর্ঘ্য-৩০০ × প্রস্থ-৮০ পিক্সেল) আপলোড করতে হবে। ক্রমিক নং (ক) থেকে (ছ) পর্যন্ত সকল কাগজপত্র একটি PDF ফাইলে রূপান্তর করে অনলাইন আবেদনের সময় নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ক্রমিক নং (জ) এবং (ঝ) এর ক্ষেত্রে অনলাইন আবেদনের সময় নির্ধারিত স্থানে আলাদা আলাদাভাবে আপলোড করতে হবে।

২. সকল পদের ক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার জানা বাধ্যতামূলক এবং আবেদনের সাথে Computer Literacy Certificate অবশ্যই আপলোড করতে হবে।

৩. বিভাগীয়/অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স সংক্রান্ত শর্তগুলির মধ্যে যে কোন একটি অথবা আংশিক শর্ত শিথিল যোগ্য।

৪. বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫. অনলাইনে আবেদনের সময় আবেদন ফি বাবদ টাকা ২০০/-(দুইশত) মাত্র (অফেরতযোগ্য) অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করতে হবে।

৬. অসত্য তথ্য/তথ্য গোপন/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. সরকারি বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণ করা হবে।

৮. লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না।

১০. নিয়োগের বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭।২৫

রেজিস্ট্রার
বাকৃবি, ময়মনসিংহ

স-১১০৫ (৫০×৪)